

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ  
আমার বাড়ি আমার খামার প্রকল্প  
প্রবাসী কল্যাণ ভবন (লেভেল-১৩)  
৭১-৭২ ইন্সটন গার্ডেন, ঢাকা-১০০০

স্মারক নং- এবাএখা/অর্থ ও হিসাব/মাঃ পঃ অর্থ বরাদ্দ/০২/২০২০-২১/৪০২০

তারিখ ০৪/১০/২০২০ খ্রি.

বিষয়ঃ প্রকল্পের কর্মকর্তা ও কর্মচারীদের ২য় কিস্তির বেতন ভাতার চাহিদাসহ অন্যান্য চাহিদা প্রেরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আমার বাড়ি আমার খামার (৪র্থ সংশোধিত) প্রকল্পের কর্মকর্তা/কর্মচারীদের ২০২০-২১ অর্থ বছরের ২য় কিস্তির (অক্টোবর/২০ হতে ডিসেম্বর/২০ পর্যন্ত) বেতন ভাতার চাহিদা কোড ও খাতওয়ারী ওয়েবসাইটের রিপোর্ট রিটার্ন সফটওয়্যারে **“12.October/20 to December/20 Salary Demand Entry Form”** এ চাহিদা এন্ট্রি দেয়া প্রয়োজন।

নমুনা ছক

পুরাতন অর্থনৈতিক কোড	নতুন অর্থনৈতিক কোড	খাত	নির্দেশনা	মন্তব্য
৪৮৫১	৩২১১১০৯	সাকুল্যে বেতন	বেতন ভাতা (মূল বেতন+বাড়ি ভাড়া+চিকিৎসা+টিফিন+শিক্ষা+দুর্গাপূজা উৎসবভাতা) সব কোড/খাতের টাকা যোগ করে অক্টোবর/২০ হতে ডিসেম্বর/২০ পর্যন্ত কর্মকর্তা ও কর্মচারীদের বেতনের চাহিদা দিতে হবে।	জেলা ও উপজেলার জন্য
৪৮০৬	৩২১১১২৯	অফিস ভাড়া	ভাড়াকৃত অফিসের অক্টোবর/২০ হতে ডিসেম্বর/২০ পর্যন্ত	জেলা ও উপজেলার জন্য (পূর্বের প্রেরণকৃত ভাড়া সমন্বয় করে চাহিদা দিতে হবে, যদি বকেয়া থাকে তা সহ)।
৪৮২১	৩২১১১১৩	বিদ্যুৎ	নতুন ভবন ও ভাড়াকৃত ভবনের নিজস্ব মিটার থাকলে তার অক্টোবর/২০ হতে ডিসেম্বর/২০ পর্যন্ত বিদ্যুৎ বিলের চাহিদা দিতে হবে।	জেলা ও উপজেলার জন্য (বকেয়া থাকলে তা দেয়া যাবে)
৪৮১৬	৩২১১১২০	টেলিফোন	জেলা দপ্তরে সংযোগকৃত টিএন্ডটি লাইনের বিল (যদি বকেয়া থাকে তা সহ)	জেলা দপ্তরের জন্য

এমতাবস্থায়, আগামী ০৮/১০/২০২০ খ্রিঃ তারিখের মধ্যে উপরোক্ত ছক মোতাবেক ওয়েবসাইটের রিপোর্ট রিটার্ন সফটওয়্যারে **“12. October/20 to December/20 Salary Demand Entry Form”** এ বেতন ভাতার চাহিদা বিকাল ৩.০০ টার মধ্যে এন্ট্রি দেয়ার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো। চাহিদা এন্ট্রি দিতে ভুল করলে জেলা/উপজেলা সমন্বয়কারী ও কম্পিউটার অপারেটর কাম হিসাব সহকারী দায়ী থাকবে। পল্লী সঞ্চয় ব্যাংকে যোগদানকৃত সিনিয়র অফিসার/ক্যাশ সহকারীদের বেতন পল্লী সঞ্চয় ব্যাংক হতে পরিশোধ করবে বিধায় এই ফরমে চাহিদা দেয়া যাবে না। এ বিষয়ে কোন সমস্যা হলে ০১৯৩৮-৮৭৯০০৭, ০১৯৫৮-৬০১৫২৯ নাম্বারে যোগাযোগ করা যেতে পারে।

৪/১০/২০২০  
(আকবর হোসেন)  
প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব)  
আমার বাড়ি আমার খামার প্রকল্প  
ফোন : ৯৩৬২৭১২

অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), সংশ্লিষ্ট সকল .....জেলা।

ও

উপজেলা নির্বাহী অফিসার (সকল), ..... উপজেলা ..... জেলা।

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপিঃ

১। জেলা প্রশাসক (সকল) -----।

২। প্রোগ্রামার, আমার বাড়ি আমার খামার প্রকল্প, ইন্সটন গার্ডেন, ঢাকা (পত্রটি এবাএখা'র ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)।

৩। জেলা/উপজেলা সমন্বয়কারী, আবাআখা প্রকল্প (সকল), ..... উপজেলা ..... জেলা।

৪। অফিস কপি/সংশ্লিষ্ট নথি।